

নিরাপদ সিএনজি ব্যবস্থাপনা ও জানমালের নিরাপত্তার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হচ্ছে:

- ☞ অনুমোদিত এনজিভি (NGV) সিলিন্ডার ও কনভারশন কিট দ্বারা যানবাহন সিএনজিতে রূপান্তর করুন এবং অনুমোদিত ওয়ার্কশপে নিয়মিত পরীক্ষা করান;
- ☞ যানবাহনে ব্যবহৃত সিএনজি সিলিন্ডার এবং সিএনজি স্টেশনের ক্যাসকেড সিলিন্ডার প্রতি ৫ (পাঁচ) বছর অন্তর পুনঃপরীক্ষা করান;
- ☞ বিপজ্জনকভাবে রিকশাভ্যান, কাভার্ডভ্যান বা অন্যান্য অননুমোদিত যানবাহনে সিএনজি সরবরাহ ও পরিবহন থেকে বিরত থাকুন;
- ☞ যানবাহনে ৩০০০ PSIG-এর অধিক চাপে সিএনজি সরবরাহ থেকে বিরত থাকুন;
- ☞ এনজিভি সিলিন্ডারের পুনঃপরীক্ষা সনদ ব্যতীত সিএনজি সরবরাহ থেকে বিরত থাকুন;
- ☞ গাড়ি চালক ও যাত্রীসাধারণ অবশ্যই গাড়ি থেকে নেমে নিরাপদ দূরত্বে অবস্থানপূর্বক সিএনজি গ্রহণ/ফিলিং করুন;
- ☞ যানবাহনে গ্যাসের গন্ধ পাওয়া গেলে দ্রুত ইঞ্জিন বন্ধ করুন, যাত্রীদের নিরাপদ দূরত্বে রাখুন এবং পুনরায় স্টার্ট দেওয়া থেকে বিরত থাকুন;
- ☞ সিএনজি সিলিন্ডার বা পাইপলাইনে কোনো প্রকার ঢালাই, কাটিং, রংকরণ বা পরিবর্তন করা থেকে বিরত থাকুন;
- ☞ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত যানবাহন ব্যবহারের পূর্বে অনুমোদিত ওয়ার্কশপ থেকে সিএনজি সিস্টেম পরীক্ষা করান;
- ☞ সিএনজি স্টেশনে মোবাইল ফোন ব্যবহার, ধূমপান বা আগুন জ্বালানো থেকে বিরত থাকুন;
- ☞ গাড়ির সিলিন্ডার কম্পার্টমেন্টে কোনো আগুনের উৎস বহন করা থেকে বিরত থাকুন; এবং
- ☞ সিএনজি স্টেশনে কোনো ঝুঁকিপূর্ণ কার্যক্রম নজরে এলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করুন।

সকলের সম্মিলিত সচেতনতা ও সহযোগিতাই পারে দুর্ঘটনা প্রতিরোধ করে নিরাপদ সিএনজি